



## প্রেস বিজ্ঞপ্তি

লস এঞ্জেলসে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে চিত্রকর্ম প্রদর্শনীর আয়োজন।

লস এঞ্জেলস, ১০ ডিসেম্বর-২০২১

লস এঞ্জেলসে বাংলাদেশ কনস্যুলেট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মিশনের বঙ্গবন্ধু সাংস্কৃতিক কেন্দ্রে “তরুন প্রজন্মের ভাবনায় বঙ্গবন্ধু শীর্ষক” দুই দিন ব্যাপী একটি চিত্রকর্ম প্রদর্শনীর আয়োজন করেছে।

০২। কনসাল জেনারেল জনাব তারেক মোহাম্মদ এর পরিচালনায় অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী জনাব কে এম খালেদ, এমপি, প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন এবং ভারুয়ালী চিত্রকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের IBA এর Associate Professor জনাব ড. মোঃ রেজাউল কবির এ উপলক্ষে Keynote paper উপস্থাপন করেন। চিত্র শিল্পী জনাব রাকিব হাসান ও মেক্সিকান বংশদ্ভূত চিত্র শিল্পী মিজ ইসাবেল জামান-এর চিত্রকর্ম অনুষ্ঠানে প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। মোট ১০টি শিল্পকর্ম প্রদর্শনীর মাধ্যমে শিল্পীরা বঙ্গবন্ধু, বাংলাদেশের স্বাধীনতা ও তাদের ভাবনা তুলে ধরেছেন।

০৩। অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী জনাব কে এম খালেদ, এমপি, তার বক্তব্যের শুরুতেই জাতির পিতার স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা প্রদর্শন করেন। তিনি জাতির পিতার জীবন ও কর্ম সম্পর্কে আলোচনা করেন এবং বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধুর জাতির জন্য ত্যাগ স্বীকার, তার অবদান ও বলিষ্ঠ নেতৃত্বগুণ ব্যতীত স্বাধীন বাংলাদেশ গঠন করা সম্ভব ছিল না। চিত্রকর্ম প্রদর্শনীর আয়োজন করার জন্য তিনি বাংলাদেশ কনস্যুলেটকে আন্তরিক ধন্যবাদ জানান।

০৪। Keynote উপস্থাপক ড. মোঃ রেজাউল কবির জাতির পিতার জীবন ও কর্ম ও অবদানের বিষয় অনুষ্ঠান বিষদভাবে তুলে ধরেন। তিনি মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার তাৎপর্য এবং দেশ গঠনে জাতির পিতার গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়েও বক্তব্য প্রদান করেন। তিনি সকলকে বিশেষত: তরুন প্রজন্মকে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে কাজ করার আহবান জানান।

০৫। কনসাল জেনারেল জনাব তারেক মোহাম্মদ তাঁর সূচনা বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তাঁর অবিস্মরণীয় অবদানের কথা স্মরণ করেন। তিনি উল্লেখ করেন যে, জাতির পিতার জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী একই বছর একই সাথে উদযাপন করতে পারাটা সকল বাঙালীর জন্য সৌভাগ্যের ও আনন্দের বিষয়। কনসাল জেনারেল চিত্রকর্মসহ অংশগ্রহণকারী দুজন চিত্র শিল্পী জনাব রাকিব হাসান ও মিজ ইসাবেল জামান-কে অনুষ্ঠানে পরিচয় করিয়ে দেন এবং অনুষ্ঠানে চিত্রকর্ম প্রদর্শনীর আয়োজনে কনস্যুলেটকে সহযোগিতার জন্য তাদেরকে ধন্যবাদ জানান।

০৬। পরিশেষে মাননীয় প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী জনাব কে এম খালেদ, এমপি, ভারুয়ালী চিত্রকর্ম প্রদর্শনীর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

